

শিক্ষাকে আনন্দময় করতেই নতুন শিক্ষাব্যবস্থা : দীপু মনি

গাজীপুর প্রতিনিধি

১ জুন ২০২২ ০৪:৪৮ পিএম

| আপডেট: ১ জুন ২০২২

০৪:৪৮ পিএম

8

Shares



গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু ডিজিটাল বিশ্ববিদ্যালয়ের নবীন বরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

advertisement

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ‘গবেষণার মাধ্যমে আনন্দময় করে শিক্ষা দেওয়া গেলে সেই বিষয়টি আত্মস্থ করতে পারবেন শিক্ষার্থীরা। শিক্ষাকে আনন্দময় করতেই শিক্ষাব্যবস্থার পরিবর্তন। আগামী বছর থেকে শুরু হতে যাওয়া নতুন শিক্ষাব্যবস্থা নিয়ে আমরা সত্যি খুবই উজ্জীবিত।’

আজ বুধবার দুপুরে গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু ডিজিটাল বিশ্ববিদ্যালয়ের নবীন বরণ ও ব্লেন্ডেড লার্নিং সল্যুশনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

এ সময় মন্ত্রী আরও বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। আজকে ৪র্থ শিল্প বিপ্লবের কথা বলা হচ্ছে। এজন্য আমাদের শিক্ষার্থীদের সেভাবে গড়ে তুলতে হবে। শুধু বিজ্ঞানমনস্ক নয়, তাদের দক্ষ এবং যোগ্য করে তুলতে হবে। দ্রুত পরিবর্তনশীল পৃথিবীতে আমাদের নতুন নতুন দক্ষতা শিখতে হবে।

বহির্বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে একটি দক্ষ সোনার বাংলা গড়ে তুলার জন্য আমাদের শিক্ষা কারিকুলাম পরিবর্তন করা হয়েছে।

বঙ্গবন্ধু হাইটেক সিটিতে আয়োজিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূরের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ফরহাদ হোসেন, রেজিস্ট্রার আশরাফ উদ্দিন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীরা অংশ নেন।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, জাতীয় নির্বাচনকে সামনে রেখে এবং স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধনের আগ মুহূর্তে একটি গোষ্ঠি বর্তমান পরিস্থিতি ঘোলা করার চেষ্টা করেছে। এ ঘৃণ্য কাজ কোন রাজনীতির ভাষা হতে পারে না। এটি সন্ত্রাসী ও হত্যাকারীর ভাষা। আজকে শিক্ষাঙ্গনকে অস্থিতিশীল করবার যে অপচেষ্টা সেটি সেই ঘৃণ্য অপচেষ্টার অংশ।

অনুষ্ঠানে কুড়িগ্রামের একটি স্কুলের সঙ্গে ব্লেণ্ডেড লার্নিং সল্যুশন নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সমঝোতা স্মারক স্বাক্ষর হয়।